বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(২১)/২০১৭-২০১৮/২৫৮(১২০০)

তারিখ ঃ ১৮-০৯-২০১৭

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক,কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ
AGM (Systems)
২। ... দ্রুত ব্যবস্থা নিন।
৩। চাহিত তথ্য/প্রতিবেদন প্রেরণ করুন।
৪। নির্ধারিত সময়ের মধ্যে জবাব দিন।
ডাইরী নং
তারিখঃ
স্বাক্ষর

বিষয় ঃ মানস-মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা লটারী/২০১৭ এর লটারীর টিকেট বিক্রয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

মানস-মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা লটারী/২০১৭ পরিচালনার জন্য তহবিল সংগ্রহের উদ্দেশ্যে নিম্নোক্ত শর্তে বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে লটারীর টিকেট বিক্রয়ের নিমিত্তে ৫০,০০০(পঞ্চাশ হাজার)টিকেট সরবরাহ করা হয়েছে ঃ-

(ক) প্রতিটি টিকেটের মূল্য ২০.০০(বিশ)মাত্র।
(খ) টিকেট বিক্রয়লব্ধ অর্থের উপর ৩০%হারে কমিশন দেয়া হবে।
(গ) কমিশন বাদে টিকেট বিক্রয়লব্ধ অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে মানস-মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা লটারী/২০১৭, ১৫৪ গ্রীণ স্কয়ার, গ্রীণ রোড,ঢাকা-১২০৫ তে ৩১-১০-২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। একই তারিখে অবিক্রিত টিকেটও মানস-মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা লটারী/২০১৭ কার্যালয়ে ফেরত দিতে হবে।
(ঘ) আগামী ০৪-১১-২০১৭ তারিখে লটারী ড্র অনুষ্ঠিত হবে।
(ঙ) লটারী টিকেট বিক্রয় শুরু ১১-০৯-২০১৭ এবং বিক্রয়ের শেষ তারিখ ২৫-১০-২০১৭।

০৩। টিকেট বিক্রয় ও হিসাব পদ্ধতি ঃ

(ক) শাখাসমুহের করণীয় ঃ

(১) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে লটারী টিকেট পাওয়ার সাথে সাথে সর্বাত্নক প্রচেষ্টা গ্রহনের মাধ্যমে সমুদয় টিকেট বিক্রয় করে এ খাত হতে সর্বোচ্চ পরিমান কমিশন আয় অর্জন নিশ্চিত করতে হবে।
(২) প্রতিটি শাখা একটি রেজিষ্টারে তারিখওয়ারী লটারী টিকেট বিক্রয়ের হিসাব সংরক্ষন করবে।
(৩) টিকেট বিক্রয়লব্ধ অর্থের ১৫% বিক্রেতা কর্মকর্তা/কর্মচারীর কমিশন কেটে রেখে বাকী অর্থ শাখার ৪১ প্রদেয় হিসাব ১০ বিবিধ খাতে জমা করতে হবে।
(৪) শাখা ২৫-১০-২০১৭ তারিখ পর্যন্ত টিকেট বিক্রয় করবে। সকল টিকেট বিক্রয় করার জন্য সর্বাত্নক প্রচেষ্টা গ্রহন করতে হবে যাতে কোন টিকেট অবিক্রিত না থাকে। সর্বশেষ তারিখ ২৫-১০-২০১৭ শেষে বিক্রয়লব্ধ অর্থ হতে শাখার ৩০% কমিশন কেটে রেখে বাকী অর্থের ১টি মাত্র পুনশ্চঃ ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ১১৫ বিকেবি,আঞ্চলিক হিসাবে অঞ্চলের প্রধান শাখার উপর ইস্যু করে শাখা কর্তৃক তাদের স্ব-স্ব মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে।
(৫) কর্পোরেট শাখা সর্বশেষ তারিখ ২৫-১০-২০১৭ শেষে বিক্রয়লব্ধ অর্থ হতে ৩০% কমিশন কেটে রেখে বাকী অর্থের ১টি মাত্র পুনশ্চঃ ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস সরাসরি স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকার উপর ইস্যু ও প্রেরণ নিশ্চিত করবে।
(৬) শাখার ১৫% কমিশনের টাকা ৪৬ আয়-১৩ বিবিধ খাতে জমা করতে হবে।
(৭) কোন শাখা উপরোক্ত পদ্ধতি অবলম্বনে ব্যর্থ হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখাকেই বহন করতে হবে।

(খ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের করনীয় ঃ

(১) বিভাগীয় কার্যালয় হতে বরাদ্দকৃত লটারীর টিকেট পাওয়ার সাথে সাথেই বিক্রয়ের সম্ভাব্যতা অনুযায়ী শাখাসমূহের মধ্যে বন্টন করে দিতে হবে।
(২) অঞ্চলাধীন সকল শাখা থেকে প্রাপ্ত এ্যাডভাইসগুলি একীভূত করে একসংগে অঞ্চলের প্রধান শাখায় জমা দিয়ে অঞ্চলাধীন শাখার টিকেট বিক্রয়লব্ধ অর্থের ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ১১১৪ বিকেবি,সাধারণ হিসাবের মাধ্যমে এলপিও এর উপর জারী করে নীচে প্রদত্ত ছকে মুখ্য অঞ্চল /অঞ্চলের জন্য একটি সমন্বিত প্রতিবেদনসহ ৩০-১০-২০১৭ তারিখের মধ্যে এলপিও বরাবরে জিইপি/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করতে হবে।
(৩) কোন অবস্থাতেই মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়গুলি একাধিক এ্যাডভাইস প্রেরণ করবে না,অধীনস্থ সকল শাখার এ্যাডভাইস সংগ্রহপূর্বক একটি ক্রেডিট এ্যাডভাইস এলপিও-তে প্রেরণ করতে হবে।
(৪) শাখাগুলি থেকে প্রাপ্ত প্রতিবেদনের কপি এলপিও বা অত্র বিভাগে প্রেরণের প্রয়োজন নেই।
(৫) কর্পোরেট শাখাসমুহকেও নিম্নে প্রদত্ত ছকে একটি প্রতিবেদন ৩০-১০-২০১৭ তারিখের মধ্যে এলপিও বরাবরে জিইপি/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

মুখ্য অঞ্চল/অঞ্চল/শাখার নাম ঃ

ছক

| ক্রঃ নং | টিকেটের সিরিজ নং | বরাদ্দকৃত টিকেটের নং | | বরাদ্দকৃত টিকেটের সংখ্যা | বিক্রিত টিকেটের সংখ্যা | এ্যাডভাইসে উল্লেখিত টাকার পরিমান | অবিক্রিত টিকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

০৪। স্থানীয় মুখ্য কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ে লটারীর টিকেটের বরাদ্দ নীচে দেয়া হলো। বিভাগীয় কার্যালয়সমূহ বরাদ্দকৃত টিকেট অঞ্চলওয়ারী বন্টন করে অঞ্চলসমূহে দ্রুততার সাথে সরবরাহ করার ব্যবস্থা গ্রহন করবে।

বিষয় ঃ মাদকাসক্তি প্রতিরোধ মানস এর লটারীর টিকেট/২০১৭ বিভাগওয়ারী বন্টন প্রসংগে।

| ক্রমিক নং | বিভাগের নাম | সিরিজ | সিরিজ সংখ্যা | বরাদ্দকৃত টিকেট | | টিকেটের সংখ্যা | মোট বরাদ্দ টিকেট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | হতে | পর্যন্ত | | |
| ০১ | ঢাকা | ক-এঃ | ১০টি | ০৩৫৪১০১ | ০৩৫৪৪০০ | ৩০০X১০ | ৩০০০ |
| ০২ | ময়মনসিংহ | ক-এঃ | ১০টি | ০৩৫৪৭০১ | ০৩৫৪৯৭০ | ২৭০X১০ | ২৭০০ |
| ০৩ | কুমিল্লা | ক-এঃ | ১০টি | ০৩৫০৮০১ | ০৩৫১৬০০ | ৮০০X১০ | ৮০০০ |
| ০৪ | বরিশাল | ক-এঃ | ১০টি | ০৩৫১৬০১ | ০৩৫২৪০০ | ৮০০X১০ | ৮০০০ |
| ০৫ | চট্টগ্রাম | ক-এঃ | ১০টি | ০৩৫২৪০১ | ০৩৫৩২০০ | ৮০০X১০ | ৮০০০ |
| ০৬ | সিলেট | ক-এঃ | ১০টি | ০৩৫৩৮০১ | ০৩৫৪১০০ | ৩০০X১০ | ৩০০০ |
| ০৭ | ফরিদপুর | ক-এঃ | ১০টি | ০৩৫০০০১ | ০৩৫০৮০০ | ৮০০X১০ | ৮০০০ |
| ০৮ | খুলনা | ক-এঃ | ১০টি | ০৩৫৩২০১ | ০৩৫৩৮০০ | ৬০০X১০ | ৬০০০ |
| ০৯ | কুষ্টিয়া | ক-এঃ | ১০টি | ০৩৫৪৪০১ | ০৩৫৪৭০০ | ৩০০X১০ | ৩০০০ |
| ১০ | এলপিও | ক-এঃ | ১০টি | ০৩৫৪৯৭১ | ০৩৫৫০০০ | ৩০X১০ | ৩০০ |
| | | | | | | সর্বমোট = | ৫০০০০ |

০৫। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ স্থানীয় মুখ্য কার্যালয় থেকে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রাপ্ত বরাদ্দকৃত টিকেট বিক্রয়ের সম্ভাব্যতা অনুযায়ী তাঁদের আওতাধীন কর্পোরেট শাখাসমূহসহ মুখ্য অঞ্চল আঞ্চলসমূহে বন্টন ও সরবরাহ করবেন এবং অঞ্চলওয়ারী বন্টনের একটি কপি স্থানীয় মুখ্য কার্যালয়ে প্রেরণ করবেন। স্থানীয় মুখ্য কার্যালয় উপরোক্ত বরাদ্দ অনুযায়ী বরাদ্দকৃত টিকেট কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বিভাগীয় কার্যলয়সমূহ প্রেরণ নিশ্চিত করবে। এছাড়াও স্থানীয় মুখ্য কার্যালয় সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখা থেকে প্রাপ্ত টিকেট বিক্রয়লব্ধ সমূদয় অর্থ আগামী ৩১-১০-২০১৭ তারিখে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে "মানস-মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা লটারী/২০১৭"এ প্রেরণ করবেন।

০৬। অবিক্রিত টিকেট ফেরত প্রধান ঃ

অবিক্রিত টিকেট (যদি থাকে)(ক)শাখাসমূহ ২৫-১০-২০১৭ তারিখের মধ্যে (বিক্রয়লব্ধ অর্থের ক্রেডিট এ্যাডভাইসসহ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা থেকে প্রাপ্ত অবিক্রিত টিকেটসমূহ ২৬-১০-২০১৭ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। (খ) কর্পোরেট শাখাসমূহ সরাসরি তাদের অবিক্রিত টিকেট(যদি থাকে)২৬-১০-২০১৭ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। (গ) বিভাগীয় কার্যালয় ২৯-১০-২০১৭ তারিখের মধ্যে সকল অবিক্রিত টিকেট স্থানীয় মুখ্য কার্যালয়ে ফেরত প্রদান নিশ্চিত করবে। (ঘ) স্থানীয় মুখ্য কার্যালয় সর্বশেষ ৩১-১০-২০১৭ তারিখের মধ্যে অবিক্রিত টিকেট এবং টিকেট বিক্রয়লব্ধ অর্থ পে-অর্ডার /ব্যাংক ড্রাফট এর মাধ্যমে "মানস-মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা লটারী/২০১৭" শিরোনামে জমাদানের জন্য সংস্থা বরাবরে (১৫৪ গ্রীণ স্কয়ার রোড, গ্রীন রোড, ঢাকা-১২০৫) প্রেরণ করবে। উক্ত নির্ধারিত তারিখের মধ্যে অবিক্রিত টিকেট ফেরত দেয়া না হলে সরবরাহকৃত সমূদয় টিকেট বিক্রয় হয়েছে বলে গন্য হবে।

০৭। এই টিকেট বিক্রয়ের মাধ্যমে ব্যাংকের বিবিধ আয় বাড়ানোর সুযোগ রয়েছে। সুতারাং বরাদ্দকৃত টিকেট বিক্রয়ের কাজে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীকে সর্বাত্নক প্রচেষ্টা গ্রহন করে নির্ধারিত সময়ের মধ্যে সকল টিকেট বিক্রয়পূর্বক তা থেকে কমিশন বাবদ সর্বোচ্চ পরিমান আয় অর্জনের পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

অনুমোদনক্রমে ঃ-

১৮/০৯/১৭

(মোঃ মিজানুর রহমান)
উপ মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(২১)/২০১৭-২০১৮/২৫৮(১২০০)

তারিখ ঃ ১৮-০৯-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১,২ ও ৩ মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি,ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬। জনাব অধ্যাপক ড.অরূপরতন চৌধুরী, প্রতিষ্ঠাতা সভাপতি, মানস-মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা লটারী/২০১৭, গ্রীণ স্কয়ার রোড, গ্রীন রোড,ঢাকা।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/মহানথি।

গীতা রানী সাহা)
সহকারী মহাব্যবস্থাপক